(১) সাধারণতন্ত্র দিবসের প্রাক্-সন্ধ্যায় আজ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর জাতির উদ্দেশ্যে ভাষণ । সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায় আগামীকাল সাধারণতন্ত্র দিবস পালনের প্রস্তুতি সম্পূর্ণ ।

(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কী বাত অনুষ্ঠানে শিল্প ও ষ্টার্ট আপের সঙ্গে জড়িত যুবক যুবতীদের গুনগত মান বৃদ্ধিতে গুরুত্ব দেবার আহ্বান ।

(৩) আজ জাতীয় ভোটদাতা দিবস । সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও এই দিবস পালন ।

এবং

(৪) চলতি বছরের পদ্ম পুরস্কারের তালিকা ঘোষিত । বরাক উপত্যকার সদ্যপ্রয়াত বিশিষ্ট শিক্ষাবিদ তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী কবীন্দ্র পুরকায়স্থ জনজীবন ও রাজনীতিতে অবদানের স্বীকৃতিস্বরূপ মরণোত্তর পদ্মশ্রী পুরস্কারের জন্য মনোনীত ।

---

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু বলেছেন যে সাধারণতন্ত্র দিবস দেশের অতিত , বর্তমান এবং ভবিষ্যতের স্থিতি এবং দিক নির্দেশনার ওপর আবলোকন করার সুযোগ প্রদান করে । আজ ৭৭ তম সধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় জাতীর

উদ্দেশ্যে ভাষণে রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু এ মন্তব্য করেন ।রাষ্ট্রপতি বলেন ----

বাইট

তিনি বলেন যে ১৯৫০ সালের ২৬ শে জানুয়ারী আমরা আমাদের সাংবিধানিক সাংবিধানিক আদর্শের দিকে আমাদের প্রজাতন্ত্রকে চালিত করেছি । সেই দিন আমাদের সংবিধান সম্পূর্ণভাবে কার্যকর হয়েছে বলে তিনি মন্তব্য করেন ।

---

সমগ্র রাজ্যে আগামীকাল ৭৭ তম সাধারণতন্ত্র দিবস উদযাপনের জন্য প্রস্তুতি প্রায় সম্পূর্ণ হয়ে উঠেছে । রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু নতুন দিল্লীর কর্তব্যপথে সাধারণতন্ত্র দিবসের পতাকা উন্মোচন করবেন । এরপর জাতীয় সংগীত পরিবেশন ও ২১ টি তোপধ্বনির মাধ্যমে অভিবাদন জানানো হবে । সাধারণতন্ত্র দিবস উপলক্ষ্যে কর্তব্যপথে অনুষ্ঠেয় প্যারেডে সমাজের বিভিন্ন ক্ষেত্রের ১০ হাজার বিশেষ অতিথি উপস্থিত থাকবেন । প্যারেডে আসামের পোড়ামাটি শিল্পের প্রতীক পট প্রদর্শন করা হবে ।
রাজ্যের প্রতিটি জেলায় সাধারণতন্ত্র দিবসের প্রস্তুতি সম্পূর্ণ হয়েছে । সাধারণতন্ত্র দিবসের প্রাক্‌মূহূর্তে জনসাধারণের সুরক্ষা ও নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য স্পর্শকাতর স্থানগুলি সহ বিভিন্ন স্থানে নিরাপত্তা ব্যাবস্থা কঠোর করে তোলা হয়েছে । গৌহাটীর খানাপারায় থাকা আসাম পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার সাধারণতন্ত্র উদযাপন করা হবে । রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য

আগামীকাল সকাল  ৯টায় সাধারণতন্ত্র দিবসের পতাকা উন্মোচন করবেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল যথাযোগ্য মর্যাদায় ৭৭ তম সাধারণতন্ত্র দিবস উদযাপন করা হবে ।এ উপলক্ষে আগামীকাল সকাল ৯ টায় শিলচর পুলিশ প্যারেড গ্রাউন্ডে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উন্মোচন করবেন বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই। ।এছাড়া আগামীকালের অন্যান্য কার্যসূচীর মধ্যে রয়েছে সকাল সাড়ে পাঁচটা থেকে সাড়ে ৬ টা পর্যন্ত শহরের স্থায়ী মাইক যোগে দেশাত্মবোধক সঙ্গীত প্রচার , সকাল সাতটায় বেসরকারী গৃহ ও অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠান সমুহে জাতীয় পতাকা উন্মোচন , সকাল সাড়ে ৭ টায় সরকারি কার্যালয় , স্কুল কলেজ ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উন্মোচন ও সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত পরিবেশন ।৮ টা ১৫ মিনিটে পুলিশ প্যারেড ময়দান অভিমুখে ছাত্রছাত্রীদের শোভাযাত্রা , ৮-৩০ মিনিটে গান্ধীবাগে গান্ধীজির প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ , ৮-৪০ মিনিটে গান্ধীবাগে শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ , সকাল ৯ টায় জাতীয় পতাকা উন্মোচন , ষষ্ঠ আসাম পুলিশ ব্যাটেলিয়ন , জেলা পুলিশ ,সি আর পি এফ , হোম গার্ড , বি এস এফ , এন সি সি ,

স্কাউট গাইড এবং স্কুলের ছাত্রছাত্রীদের সম্মিলিত কুচকাওয়াজ, সকাল ১০ টায় ট্যাবলো প্রদর্শন , সাংস্কৃতিক অনুষ্ঠান ,সকাল ১১ টা ২০ মিনিটে অনাথ আশ্রম ,হাসপাতালের রোগীদের মধ্যে ফল বিতরণ , বেলা ১২ টায় জেলা ক্রীড়া সংস্থার ময়দানে জেলা প্রশাসন একাদশ বনাম - জেলা ক্রীড়া সংস্থা প্রবীণ একাদশের মধ্যে প্রদর্শনী ক্রিকেট ম্যাচ , সন্ধ্যায় সরকারী কার্যালয় , বিভিন্ন মনীষীদের মর্মর মূর্তি প্রাঙ্গনে আলোকসজ্জা ইত্যাদি ।

---

এদিকে শ্রীভূমি জেলায়ও আগামীকাল যথাযোগ্য মর্য্যাদায় সাধারনতন্ত্র দিবস পালন করা হবে । শ্রীভূমি শহরের সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে সকাল ৯টায় রাজ্যের পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল জাতীয় পতাকা উত্তোলন করবেন । এরপর প্যারেড সহ বিভিন্ন বিভাগের সুসজ্জিত ট্যাবলো প্রদর্শনী , সাংস্কৃতিক অনুষ্টান বিহু-ধামাইল-মণিপুরী ও চা বাগানের নৃত্য পরিবেশিত হবে ।

---

হাইলাকান্দি জেলায়ও আজ মুখ্যমন্ত্রীর একটি কলি-দুটি পাতা প্রকল্পে ১১ হাজার চারশ ৬৬ জনকে পাঁচ হাজার টাকা করে অর্থ বন্টনের সূচনা হয়েছে । হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের জন্য ধলাই চা বাগানে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে

। এছাড়া আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠান সরষপুর চা বাগানে আয়োজিত হয়েছে । উল্লেখ্য ধলাই বাগানের এক হাজার চারশ ৫১ জন এবং সরষপুর বাগানের ৯শ ৯৯ জন বাগান কর্মীকে পাঁচ হাজার টাকা করে প্রদান করা হচ্ছে । দুটি অনুষ্ঠানেই তিনসুকিয়ার ডুমডুমা থেকে মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার কেন্দ্রীয় অনুষ্ঠান বড় পর্দায় সরাসরি দেখানো হয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উদ্যোগ এবং ষ্টার্টআপের সঙ্গে জড়িত যুবক যুবতীদের উৎপাদিত সামগ্রীর গুণগত মান বৃদ্ধির ওপর গুরুত্ব আরোপ করার আহ্বান জানান ।আজ আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মনের ভাব ব্যক্ত করে প্রধানমন্ত্রী এই আহ্বান জানান । দেশের অর্থনীতি দ্রুতগতিতে অগ্রসর হচ্ছে এবং সমগ্র বিশ্বের দৃষ্টি ভারতের ওপর রয়েছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে দেশের উৎপাদিত সামগ্রীর গুণগত মান উন্নত করার জন্য আমাদের সংকল্পবদ্ধ হতে হবে । বস্ত্র শিল্প , প্রযুক্তি , ইলেক্ট্রনিক্স বা অন্যান্য প্যাকেট জাত সামগ্রী উচ্চ মান সম্পন্ন হওয়া উচিৎ বলে উল্লেখ করে উৎকৃষ্টতাই উন্নতির মাপকাঠি বলে শ্রী মোদী মত প্রকাশ করেন ।

১০ বছর পূর্বে অর্থাৎ ২০১৭ সালের জানুয়ারী মাসে ভারত ষ্টার্টআপ ইন্ডিয়া নামের উচ্চাকাঙ্খী যাত্রা আরম্ভ করেছিল এবং বর্তমানে ভারত বিশ্বের তৃতীয় ষ্টার্টআপে পরিণত হয়েছে বলে তিনি জানান ।তিনি বলেন যে এই ষ্টার্টআপ সমুহ বিশেষ করে কৃত্রিম বুদ্ধিমত্তা , মহাকাশ , পারমানবিক শক্তি , সবুজ হাইড্রোজেন , জৈব প্রযুক্তি ইত্যাদি ক্ষেত্রে কাজ করা ১০ বছর পূর্বে কল্পনার উর্দ্ধে ছিল ।

জাতীয় ভোটার দিবস উপলক্ষে শ্রী মোদী  নির্বাচনী প্রক্রিয়ার সঙ্গে জড়িত এবং গণতন্ত্রকে সক্রিয় করে রাখা তৃণমূল পর্যায়ে কাজ করে যাওয়া দেশের সব লোকেদের প্রতি কৃতজ্ঞতা ব্যক্ত করেন । প্রধানমন্ত্রী ১৮ বছর সম্পূর্ণ করার পর প্রত্যেক যুবযুবতীকে ভোটার হিসেবে নিজেদের নাম পঞ্জীয়ন করার আহ্বান জানান ।

আগামীকাল সমগ্র দেশে সাধারণতন্ত্র দিবস উদযাপন করার প্রসঙ্গ উল্লেখ করে শ্রী মোদী বলেন যে এই দিনটিতে দেশের সংবিধান কার্যকর হয়েছিল । এই দিবস আমাদেরকে সংবিধান প্রণেতাদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করার সুযোগ প্রদান করে বলে তিনি মন্তব্য করেন ।

প্রধানমন্ত্রী স্বচ্ছ ভারত অভিযানের কথা উল্লেখ করে আসামের নগাঁও জেলার কয়েকজন ব্যক্তির পরিস্কার পরিচ্ছন্নতার প্রতি গ্রহণ করা পদক্ষেপের কথা বিশেষভাবে

তুলে ধরেন ।এই ক্ষেত্রে তিনি অরুণাচল প্রদেশের কথাও তুলে ধরেন ।

---

আজ জাতীয় ভোটদাতা দিবস । গণতন্ত্রের  উদযাপন এবং দেশের নির্বাচন প্রক্রিয়ায়  প্রত্যেক নাগরিকের অংশগ্রহণকে মান্যতা দিয়ে দিয়ে প্রতি বছর ২৫ জানুয়ারীর দিনটি জাতীয় ভোটদাতা দিবস হিসেবে উদযাপন করা হয় । উল্লেখ্য ১৯৫০ সালে আজকের দিনে ভারতীয় সংবিধানের ৩২৪ নম্বর ধারার অধীনে ভারতীয় নির্বাচন কমিশন গঠন হয়েছিলো । এবছর এই দিবসের মূল বিষয় হচ্ছে ---- আমার ভারত , আমার ভোট ।
রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু আজ জাতীয় ভোটদাতা দিবস উপলক্ষ্যে নির্বাচন কমিশন আয়োজিত অনুষ্ঠানে পৌরহিত্য করেন । অনুষ্ঠানে আইন ও ন্যায় প্রতিমন্ত্রী অর্জুনরাম মেঘাওয়াল, মূখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ,নির্বাচন কমিশনারদ্বয় সুখবীর সিং সান্ধু এবং ড.বিবেক যোশীও উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে রাষ্ট্রপতি ভোটার তালিকায়  নতুন করে নাম অর্ন্তভুক্ত হওয়া যুব প্রজন্মকে ভোটার পরিচয়পত্র প্রদান করেন । শ্রীমতি মূর্মু বিভিন্ন শাখায় শ্রেষ্ঠ নির্বাচন বিষয়ক কাজকর্মের পুরস্কারগুলিও প্রদান করেন ।
আকাশবানীর সংবাদ সেবা বিভাগ ২০২৫ বর্ষের ভোটার শিক্ষা সচেতনতার ওপর শ্রেষ্ঠ অভিযানের জন্য ইলেকট্রনিক রেডিও

পুরস্কার লাভ করেন । আকাশবানীর সঞ্চালক প্রধান রাজীব জৈন রাষ্ট্রপতি থেকে এই পুরস্কার গ্রহণ করেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ যথাযোগ্য মর্য্যাদায় জাতীয় ভোটার দিবস পালন করা হয়েছে ।
কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে সমবেত শপথ গ্রহন করা হয়েছে । জেলার নির্বাচনী আধিকারীক মাসি টপনো-র পৌরহিত্যে আয়োজিত সভায় জাতীয় ভোটার দিবসের প্রাসঙ্গিকতা নিয়ে বিভিন্ন বক্তা আলোচনা করেন । এছাড়া আজ ১৮ থেকে ১৯ বছরের মধ্যে নতুন করে নথি ভুক্ত ভোটারদের সংবর্ধনা জানানো হয়েছে ।

এদিকে শিলচরে গুরুচরন বিশ্ববিদ্যালয়ের উদ্যোগেও আজ বিশ্ববিদ্যালয়ের প্রেক্ষাগৃহে জাতীয় ভোটার দিবস পালন করা হয়েছে ।

---

এদিকে হাইলাকান্দি জেলায়ও আজ জাতীয় ভোটার দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে অতিরিক্ত জেলা আয়ুক্ত ডক্টর খালেদা সুলতানার পৌরহিত্যে আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । প্রথমে জাতীয় ভোটার দিবস উপলক্ষ্যে শপথ গ্রহন করা হয়েছে । পরে

আয়োজিত সচেতনতা সভায় ভোট দানের গুরুত্ব সর্ম্পকে বিভিন্ন বক্তা আলোচনা করেন । এছাড়া সভায় সদ্য ভোটাধিকার প্রাপ্ত ১০ জনকে প্রশংসা পত্র , জেলার ১০জন কৃতি বি এল ও এবং ১০ জন বি এল ও সুপারভাইজারকে প্রশংসা পত্র প্রদান করা হয়েছে ।

---

কেন্দ্রীয় সরকার সাধারণতন্ত্র দিবস উপলক্ষ্যে ২০২৬ সালের পদ্ম পুরস্কারের তালিকা ঘোষনা করেছে । মোট ১৩১ টি পদ্ম পুরস্কার ঘোষনা করা হয়েছে । এরমধ্যে ৫ জন পদ্মবিভুষন , ১৩ জন পদ্মভূষণ এবং ১১৩ জন পদ্মশ্রী পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন । এই মর্যাদাপূর্ণ পদ্ম পুরস্কারের তালিকায় আসামের বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তি স্থান পেয়েছেন । এরা প্রত্যেকেই নিজেদের কর্ম ,সাধনা ও নিষ্ঠার মাধ্যমে আসামের সংস্কৃতি ,সমাজ ও পরিচিতিকে জাতীয় স্তরে উজ্জ্বল করেছেন । এর মধ্যে বরাক উপত্যকা থেকে সদ্যপ্রয়াত বিশিষ্ট শিক্ষাবিদ তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী কবীন্দ্র পুরকায়স্থ জনজীবন ও রাজনীতিতে অবদানের স্বীকৃতিস্বরূপ মরণোত্তর পদ্মশ্রী পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন । এছাড়া শিল্পকলা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য হরিচরণ শইকিয়া , কৃষিক্ষেত্রে বিশেষ অবদানের জন্য যোগেশ দেউরি , শিল্পকলায় বিশেষ অবদানের জন্য নুরুদ্দিন আহমেদ এবং পখিলা লেখেথেপি পদ্মশ্রী পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন ।

---